# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/পিএসএসডব্লিউ/প্রপ/পি-২০৫/২০১৬/৪১২২ তারিখ: ০৭/১২/১৬ইং

প্রতি,

জনাব-------------------------------
সিনিয়র সোসিওলজিষ্ট (ভারপ্রাপ্ত)
পিএসএসডব্লিউআরএসপি
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
----------------------------------অঞ্চল
জেলাঃ ----------------------------------

বিষয় ঃ **এলজিইডি'র আওতায় অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের আঞ্চলিক পর্যায়ে কর্মরত 'সিনিয়র সোসিওলজিষ্ট (ভারপ্রাপ্ত) এর কর্মবিবরণী (Job Description) প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আঞ্চলিক পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের 'সিনিয়র সোসিওলজিষ্ট' (ভারপ্রাপ্ত)এর কর্মবিবরনী **(Job Description)** অত্রসাথে প্রেরণ করা হলো। সিনিয়র সোসিওলজিষ্ট কর্মবিবরনী মোতাবেক তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করবেন এবং তিনি সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি'র মাধ্যমে তার মাসিক কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, IWRM Unit এলজিইডি,ঢাকা ও নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরন করবেন।
**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি: **কর্মবিবরণী (Job Description)**

৭/১২/২০১৬

(শেখ মোহাঃ নূরুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোন:৮৮০-২-৯১২৭৪১১
ই- মেইলঃ pd.psswrsp@lged.gov.bd

অনুলিপি ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী----------------------- বিভাগ, এলজিইডি, জেলাঃ------------------------।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (ওএন্ডএম/পিএন্ডডি), আইডব্লিউআরএমইউ, এলজিইডি, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ---------------------------অঞ্চল, এলজিইডি, জেলাঃ------------------------।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা ঃ ---------------------।

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

## অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্প

আঞ্চলিক পর্যায়ে কর্মরত প্রকল্পের সিনিয়র সোসিওলজিষ্ট(ভারপ্রাপ্ত) এর

**<u>কর্মবিবরণী (Job Description)</u>**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের আঞ্চলিক পর্যায়ের সিনিয়র সোসিওলজিষ্টগণ(ভারপ্রাপ্ত) বিভিন্ন অঞ্চল যথাক্রমে- ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, যশোর, কুমিল্লা,চট্রগ্রাম, রাজশাহী, রংপুর, সিলেট ও বরিশাল আঞ্চলিক দপ্তরে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি'র অধীনে কর্মরত থেকে তাঁরা সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নির্দেশ অনুসারে কার্য সম্পাদন করে সকল দাপ্তরিক কাজের জন্য তাঁর কাছে জবাবদিহি করবেন। সিনিয়র সোসিওলজিষ্টগণ এলজিইডি'র IWRM Unit থেকে এবং প্রকল্প সদর দপ্তর থেকে কোনো কাজ করার জন্য আদিষ্ট হলে তা করতে বাধ্য থাকবেন। এলজিইডি'র আঞ্চলিক দপ্তরের আওতায় সংশ্লিষ্ট জেলাগুলো সিনিয়র সোসিওলজিষ্টগণের কর্ম এলাকা হিসেবে বিবেচিত হবে এবং তাঁরা নিম্নবর্ণিত দায়িত্বগুলি যথাযথভাবে পালন করবেন:

১। এলজিইডি'র IWRM Unit থেকে রাজস্ব বাজেটের আওতায় সেচ অবকাঠামো মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ এবং পানি সম্পদের অন্যান্য কাজ করন;

২। কর্ম এলাকার নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী ও জেলা সোসিও-ইকোনোমিষ্টদের সাথে সমন্বয়ের মাধ্যমে উপ-প্রকল্প বাছাই করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করন;

৩। সংশ্লিষ্ট জেলাসমূহের প্রকল্পের সোসিও-ইকোনমিষ্ট, ফ্যাসিলিটেটর(সাধারন, কৃষি,মৎস্য, ওএন্ডএম), সিএ ও সিওদের মাসিক কাজের অগ্রগতি পর্যবেক্ষণ এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করন;

৪। Reconnaissance, PRA ও FSDD টিমকে তাদের মাঠ পর্যায়ে কাজকর্ম সুষ্ঠভাবে পরিচালনা করার ব্যাপারে সার্বিকভাবে সহযোগিতা ও অগ্রগতি মনিটরিং করবেন। কোন Team মান সম্মত কাজ করতে ব্যর্থ হলে তা তাৎক্ষণিকভাবে প্রকল্প সদর দপ্তরে অবহিত করন;

৫। উপ-প্রকল্প এলাকায় পাবসস গঠনের প্রক্রিয়াকে ত্বরান্বিত করার লক্ষ্যে ১২টি পূর্ব শর্ত পূরণের প্রয়োজনীয় কাজগুলো যথাসময়ে সম্পাদন করার ব্যাপারে সংশ্লিষ্ট পাবসস ও সোসিও-ইকোনোমিষ্টকে সার্বিক সহযোগিতা প্রদান এবং কাজের অগ্রগতি মনিটরিং করন;

৬। উপ-প্রকল্প এলাকায় বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সাথে সমন্বয় সাধনের মাধ্যমে পাবসসের প্রয়োজনে ঐ সকল সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা পাওয়ার ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা;

৭। পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুত করার লক্ষ্যে প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্থদের শুমারী, পুর্ণাঙ্গ ক্ষতিগ্রস্ততার পরিমাপ জরিপ (DMS) এবং ক্ষতিগ্রস্তদের আর্থ-সামাজিক জরিপ (SES) কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়টি মনিটরিং করা এবং জেলার সোসিও ইকোনোমিষ্টদের সহিত উক্ত কাজ বাস্তবায়নে সহায়তা করা;

৮। পুর্নবাসন পরিকল্পনা/ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরন প্রদানে INGO এর কার্যক্রম মনিটরিং করা;

৯। নিজ কর্ম এলাকার মধ্যে অবস্থিত বিভিন্ন জেলায় এলজিইডি'র মাসিক/ত্রৈমাসিক সভায় অংশগ্রহণ করে ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের এর অগ্রগতি ও উদ্ভূত কোন সমস্যা সভায় উত্থাপন করবেন। জেলায় আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষক হিসাবে কাজ করন;

১০। প্রকল্পের Institutional Development Specialist (IDS) এর সাথে কর্ম এলাকার পাবসসগুলো যৌথভাবে নিয়মিত পরিদর্শন করা এবং মাঠ পর্যায়ের পরিদর্শনের রির্পোট প্রতিমাসে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং প্রকল্পের সদর দপ্তরে প্রেরণ করা;

১১। এলসিএস দল গঠনে সংশ্লিষ্ট সোসিও-ইকোনোমিষ্টকে এলসিএস গাইড লাইন মোতাবেক প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়া এবং LCS সম্পর্কিত কাজ মনিটরিং করা ও প্রশিক্ষণে প্রশিক্ষক হিসাবে কাজ করন;;

১২। ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের(১ম,২য় ও ৩য়) পাবসস'র সকল ধরনের কার্যক্রম মনিটরিং করা। এতদসংক্রান্ত কোন ব্যতয়/উদ্ভুত কোন সমস্যা সৃষ্টি হলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সমবায় কর্মকর্তা ও বিভাগীয় সমবায় কর্মকর্তা বরাবর অবহিত করা ও সমস্যা সমাধানে সহায়তা প্রদান;

১৩। ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্পের(১ম,২য় ও ৩য়)পাবসস'র জাতীয় সমবায় পুরস্কার, জেলা সমবায় পুরস্কার বা অন্য যে কোন পুরস্কার প্রাপ্তিতে সহায়তা করা ও পুরষ্কার প্রাপ্ত পাবসস এর তালিকা প্রেরন করন;

১৪। উপ-প্রকল্প এলাকায় মহিলাদের উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ ও মহিলাদের 'আয় বর্ধক কর্মকান্ডে' স্বাবলম্বী করার লক্ষ্যে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা যুব উন্নয়ন ও অন্যান্য সকল বিভাগের সাথে যোগাযোগ করে সে বিষয় উদ্দ্যেগ গ্রহন;

১৫। DLIAPEC সভায় উপস্থিত থেকে উপ-প্রকল্প বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক দিকগুলি তুলে ধরা;

১৬। উপ-প্রকল্প 'বাস্তবায়ন' ও 'হস্তান্তর' চুক্তিতে উপস্থিত থেকে WMCA এর পরবর্তী করণীয় দিক নির্দেশনা ব্যাখ্যা প্রদান করা;

১৭। সময়মত পাবসসের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমিতির অডিট ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করতে জেলা ও বিভাগীয় পর্যায়ের সমবায় অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে সেবা পাওয়ার ব্যাপারে সর্বাত্বক প্রচেষ্টা চালানো;

১৮। উপ-প্রকল্পের কার্যকারিতা বৃদ্ধির (Enhancement) জন্য প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের Grading করার সময় টিএ পরামর্শক এর সাথে যৌথভাবে কাজ মনিটরিং করা;

১৯। দূর্বল Performance এর কারণে Grading এ নিম্ন Grad (C & D) প্রাপ্ত পাবসসসমূহের প্রাতিষ্ঠানিক ও কারিগরি উন্নয়নের মাধ্যমে Grade উন্নীতকরণের জন্য নিয়মিত পরিদর্শন, তদারকী ও প্রয়োজনীয় পরামর্শসহ সহায়তা প্রদান করন ।